

মুখ খুললেন অপু বিশ্বাস -পৃষ্ঠা-৩


হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৪ ঃ সংখ্যা-৩১ ঃ মেহেরপুর-বৃহস্পতিবার ১৩ নভেম্বর ২০২৫ ইং ঃ ২৮ কার্তিক ১৪৩২ বাংলা ঃ ২১ জমা ,আউ ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com


## আজ জাতির উদ্দেশে ভাষণ দেবেন প্রধান উপদেষ্টা

বিশেষ সংবাদদাতা

অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস আগামীকাল বৃহস্পতিবার (১৩ নভেম্বর) দুপুরে জাতির উদ্দেশে ভাষণ দেবেন। বাংলাদেশ টেলিভিশন, বিটিভি নিউজ এবং বিটিভি ওয়ার্ল্ড এ ভাষণ সরাসরি সম্প্রচার করবে। বুধবার (১২ নভেম্বর) রাতে প্রধান উপদেষ্টার উপ-প্রেস সচিব আবুল কালাম আজাদ মজুমদার এ তথ্য জানান।

এদিকে, আজ বৃহস্পতিবার 'ঢাকা লকডাউন' কর্মসূচি দিয়েছে কার্যক্রম নিষিদ্ধ দল আওয়ামী লীগ। এর আগে চলতি সপ্তাহে রাজধানী ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে বেশ কয়েকটি প্রতিষ্ঠান ও বাসে আগুন দিয়েছে দুর্বৃত্তরা। ককটেল নিক্ষেপ করা হয়েছে স্কুলসহ কয়েকটি প্রতিষ্ঠানে। এ কর্মসূচিকে কেন্দ্র করে এ ধরনের ঘটনা ঘটছে বলে ধারণা করছে আইনশৃঙ্খলা বাহিনী।

ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) কমিশনার শেখ মো. সাজ্জাত আলী বলেন, গত

২-এর পৃষ্ঠা দেখুন





# এসপির সরকারি বাসভবনে আগুন

## ফায়ার সার্ভিসের ধারণা, এসি থেকে বৈদ্যুতিক শর্টসার্কিটে অগ্নিকাণ্ড

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের পুলিশ সুপার (এসপি) মোহাম্মদ মনজুর আহমেদ সিদ্দিকীর সরকারি বাসভবনে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। ফায়ার সার্ভিসের প্রাথমিক ধারণা, এসি থেকে বৈদ্যুতিক শর্টসার্কিটের কারণে এ আগুনের সূত্রপাত হয়। গতকাল বুধবার (১২ নভেম্বর) বিকেল সাড়ে ৪টার দিকে মেহেরপুর জেলা শহরে অবস্থিত পুলিশ সুপারের সরকারি বাসভবনের দোতলার ডাইনিং রুমে হঠাৎ আগুন লাগে। মুহূর্তের মধ্যে ধোঁয়ায় পুরো ভবন আচ্ছন্ন হয়ে যায়। এ সময় বাসভবনে থাকা পুলিশ সদস্যরা আগুন নিয়ন্ত্রণে চেষ্টা চালান। খবর পেয়ে মেহেরপুর ফায়ার সার্ভিসের একটি দল দ্রুত ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে কাজ শুরু করে। পরে আরও দুটি ইউনিট যোগ দেয়। প্রায় ৩০ মিনিটের প্রচেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আসে। এরই মধ্যে ওই কক্ষের এসি, আসবাবপত্র ও বিভিন্ন মূল্যবান সামগ্রী পুড়ে যায়। মেহেরপুর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনের উপসহকারী পরিচালক সাকরিয়া হায়দার বলেন, "খবর পেয়ে আমাদের দুটি ইউনিট দ্রুত ঘটনাস্থলে যায়। পরে আরও একটি ইউনিট যোগ দেয়। মোট তিনটি ইউনিট প্রায় ৩০ মিনিট চেষ্টার পর

২-এর পৃষ্ঠা দেখুন

# মেহেরপুরে উপজেলা পরিষদে আধুনিক সুইমিংপুল উদ্বোধন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলা পরিষদের উদ্যোগে নির্মিত আধুনিক সুইমিংপুলের উদ্বোধন করা হয়েছে। গতকাল বুধবার (১২ নভেম্বর) সকাল ১০টার দিকে উপজেলা পরিষদ প্রাঙ্গণে আনুষ্ঠানিকভাবে এটি উদ্বোধন করেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম। উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন সদর উপজেলা নির্বাহী অফিসার মো. খায়রুল ইসলাম, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. আঞ্জুমান আরা, উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান, উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সাইদুর রহমান, মাধ্যমিক শিক্ষা অফিসার মনিরুল ইসলাম, বিআরডিবি অফিসার রকিবুল ইসলাম এবং উপজেলা সমাজসেবা অফিসার আনিসুর রহমান। সদর উপজেলা পরিষদের তত্ত্বাবধানে ৭ লাখ টাকা ব্যয়ে নির্মিত এই সুইমিংপুলে আধুনিক সুযোগ-সুবিধা রয়েছে। ভবিষ্যতে এটি উপজেলা পর্যায়ে সাঁতার প্রশিক্ষণ ও প্রতিযোগিতার আয়োজনেও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম বলেন, "যোগদান করার পর থেকেই কিছু শিক্ষার্থী পানিতে ডুবে মারা গেছে। প্রাথমিকভাবে ষষ্ঠ থেকে দশম শ্রেণি পর্যন্ত



শিক্ষার্থীদের সাঁতারের প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে। নিয়মিত সাঁতার শরীর ও মনের সুস্থতা বজায় রাখে। উপজেলা পরিষদ পর্যায়ে এমন উদ্যোগ অন্যদের জন্য দৃষ্টান্ত হয়ে থাকবে।" উদ্বোধনের পরে অতিথিরা সুইমিংপুল পরিদর্শন করেন এবং শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন।



## জুলাই শহীদ শুভর মরদেহ উত্তোলন পরিবারের বাধায় স্থগিত

নিজস্ব প্রতিবেদক. চুয়াডাঙ্গা

কোটা সংস্কার আন্দোলনে ঢাকায় নিহত চুয়াডাঙ্গার শাহরিয়ার শুভর মরদেহ উত্তোলনের চেষ্টা শনিবার (১২ নভেম্বর) ব্যর্থ হয়েছে। পরিবারের সদস্যরা লিখিতভাবে কবর থেকে মরদেহ উত্তোলনের বিরোধিতা করায় মামলার তদন্তকারী কর্মকর্তারা কার্যক্রম স্থগিত রাখেন। ২০২৪ সালের ১৯ জুলাই কোটা আন্দোলনের সময় ঢাকায়

২-এর পৃষ্ঠা দেখুন

## ভ্রাম্যমাণ আদালতের অভিযান: অবৈধ ইটভাটা ধ্বংস

নিজস্ব প্রতিবেদক. ঝিনাইদহ

যশোরের কালীগঞ্জ উপজেলায় ভ্রাম্যমাণ আদালতের অভিযান পরিচালনা করে অবৈধ দু'টি ইটভাটা ভেঙে গুঁড়িয়ে দেওয়া হয়েছে। গতকাল বুধবার (১২ নভেম্বর) কালীগঞ্জ পৌর এলাকার শিবনগর গ্রামে এই অভিযান চালানো হয়। পরিবেশ অধিদপ্তরের খুলনা বিভাগীয় কার্যালয়ের নির্বাহী ম্যাজিস্ট্রেট মমতাজ বেগমের নেতৃত্বে পরিচালিত ভ্রাম্যমাণ আদালতের অভিযানে ধ্বংস করা হয়েছে 'এইচএমবিএম ব্রিকস' ও 'এএমবিএম ব্রিকস' নামের ইটভাটা। ভ্রাম্যমাণ আদালত

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুর জেলা প্রশাসককে বিদায় সংবর্ধনা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর অফিসার্স ক্লাবের উদ্যোগে জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালামকে বিদায় সংবর্ধনা দেওয়া হয়েছে। গতকাল বুধবার রাত অফিসার্স ক্লাব মিলনায়তনে অনুষ্ঠিত এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সরকারি ও অর্ধসরকারি কর্মকর্তারা। বিদায়ী জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম তাঁর বক্তব্যে মেহেরপুরে দায়িত্ব পালনের

২-এর পৃষ্ঠা দেখুন

## আওয়ামী লীগকে ঠেকাতে হাসনাতই যথেষ্ট নাসীরুদ্দীন পাটওয়ারী

সূর্যোদয় প্রতিবেদন

কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের 'লকডাউন'-কে ঘিরে দেশের মানুষের আতঙ্কের কোনো কারণ নেই বলে মন্তব্য করেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসপি) মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী। ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে বুধবার বিকেলে ন্যাশনাল হেলথ অ্যালায়েন্স ও স্বাস্থ্য পেশাজীবী ও শিক্ষার্থীদের যৌথমঞ্চের আত্মপ্রকাশ অনুষ্ঠানে তিনি বলেন, "আগামীকাল সব দল মাঠে থাকবে। আওয়ামী লীগকে মাঠে ঠেকাতে আমাদের এক হাসনাত আবদুল্লাহই যথেষ্ট। দেশে তাদের মরণ হয়ে গেছে,

২-এর পৃষ্ঠা দেখুন



## কিশোরীদের সচেতনতামূলক প্রশিক্ষণ ও চেক বিতরণ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে দারিদ্র্যপীড়িত মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (দ্বিতীয় পর্যায়) এর আওতায় কিশোরীদের সচেতনতামূলক প্রশিক্ষণ ও সঞ্চয় ও প্রণোদনার চেক বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার দুপুরে মেহেরপুর সদর উপজেলার ভৈরব মাধ্যমিক বালিকা বিদ্যালয় প্রাঙ্গণে এই অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে বিএনপির লকডাউন-বিরোধী বিক্ষোভ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা বিএনপি আওয়ামী লীগের ঘোষিত লকডাউন কর্মসূচির প্রতিবাদে গতকাল বুধবার (১২ নভেম্বর) রাতে বিক্ষোভ মিছিল করেছে। জেলা বিএনপির কার্যালয় প্রাঙ্গণ থেকে শুরু হওয়া মিছিল শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে শেষ হয়। মিছিলের নেতৃত্ব দেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক এডভোকেট কামরুল হাসান। এছাড়াও উপস্থিত ছিলেন আহ্বায়ক কমিটির সদস্য ইলিয়াস হোসেন, আলমগীর খান ছাতু, আবু সালেহ নাসিম,

২-এর পৃষ্ঠা দেখুন

## ২০২৬ বিশ্বকাপে খেলার বিষয়ে এখনও সিদ্ধান্ত নেই-মেসি

সূর্যোদয় প্রতিবেদন

আর্জেন্টিনা ফুটবল দলের অধিনায়ক লিওনেল মেসি ২০২৬ সালের বিশ্বকাপে অংশ নেবেন কি না, তা নিয়ে সমর্থকদের মধ্যে উদ্বেগ দেখা দিয়েছে। বহুবার বিশ্বকাপে খেলার সম্ভাবনা নিয়ে মন্তব্য করলেও মেসি এখনো স্পষ্ট সিদ্ধান্ত জানাননি। মেসি বলেন, "আমি দলের ওপর বোঝা হতে চাই না। যদি মনে হয় আগের মতো পারফর্ম করতে পারব, তবেই খেলব।" আর্জেন্টিনা দলের হয়ে ১৯২ ম্যাচে ১১২ গোল করা এই সুপারস্টার কোপা আমেরিকা, ফাইনালিসিমা, বিশ্বকাপের গোল্ডেন বলসহ বিশ্বকাপ ট্রফি জিতেছেন। সব অর্জনই তার উপর দায়িত্ব আরও বাড়িয়ে

২-এর পৃষ্ঠা দেখুন




## আমঝুপিতে ৫৪তম জাতীয় সমবায় দিবস উদযাপন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার আমঝুপিতে বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে পালিত হয়েছে ৫৪তম জাতীয় সমবায় দিবস ২০২৫। এ উপলক্ষে বুধবার সকাল ১০টার দিকে একটি র‍্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। বাংলাদেশ টেকসই সামাজিক উদ্যোগের মাধ্যমে ক্ষুদ্র গ্রামীণ প্রান্তিক কৃষকদের ক্ষমতায়ন কর্মসূচির আওতায় এ.এল.আর.ডি.-এর সহায়তায় এ অনুষ্ঠানের আয়োজন করে মউক (মেহেরপুর উন্নয়ন কেন্দ্র)। আলোচনা সভা অনুষ্ঠিত হয় মউক-এর হলরুমে। এতে সভাপতিত্ব করেন চাঁদবিল জন সমবায় দলের সভানেত্রী সপ্তমী রানী।

২-এর পৃষ্ঠা দেখুন

## রাজনৈতিক দলগুলোকে মাঠে থাকার আহ্বান সরকারের

সূর্যোদয় প্রতিবেদন

১৩ নভেম্বর আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে ক্ষমতাচ্যুত শেখ হাসিনার বিরুদ্ধে মানবতাবিরোধী অপরাধের মামলার রায় ঘোষণার দিন ঘিরে কোনো ধরনের শঙ্কা নেই বলে জানিয়েছেন স্বরাষ্ট্র উপদেষ্টা জাহাঙ্গীর আলম চৌধুরী। তিনি বলেন, ওই দিন রাজধানীসহ সারাদেশে আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক থাকবে, সন্ত্রাসী কর্মকাণ্ডে জড়িতদের কাউকেই ছাড় দেওয়া হবে না। মঙ্গলবার সচিবালয়ে আইনশৃঙ্খলা-সংক্রান্ত উপদেষ্টা পরিষদের বৈঠক শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এসব কথা বলেন। স্বরাষ্ট্র উপদেষ্টা জানান, আওয়ামী লীগের নিষিদ্ধ 'লকডাউন' কর্মসূচিকে কেন্দ্র করে আইনশৃঙ্খলা বাহিনী শক্ত অবস্থানে রয়েছে। পাশাপাশি বিএনপি, জামায়াতে ইসলামী, জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)সহ সব রাজনৈতিক দলকেই মাঠে থাকার আহ্বান জানানো হয়েছে—যেন তারা জনগণের পাশে থাকে ও পরিস্থিতি শান্ত রাখতে ভূমিকা রাখে। "সন্দেহভাজন কাউকে দেখলে আইন নিজের হাতে না নিয়ে পুলিশকে জানান," বলেন স্বরাষ্ট্র উপদেষ্টা।

২-এর পৃষ্ঠা দেখুন


মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ
প্রোঃ মোঃ আলতাফ হোসেন
এখানে পাওয়া যায়
✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
✓ প্লাস্টিক সামগ্রী
খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।
কাঁসারী বাজার, মেহেরপুর।
০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১
পরিবেশক
• কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
• আর এফ এল
• আকিজ সিরামিক


অনুবাক্য
মামুনুর রশিদ মামুন
খবর: (অস্বাস্থকর পরিবেশে বিস্কুট কেক)

ছোট বড় বেকারি যত
গ্রাম গঞ্জের গলিতে
ধুলাবালি আর পচা ডিম
যাচ্ছে মিশে বিস্কুটে।
পচা ডিমের তৈরি কেক
লাগছে খেতে ভালো
আনছি কিনে চকচকা
ভেতরে যত কালো।
শিশু খাদ্য আনছি কিনে
কেক বিস্কুট জুস যত
উপরে ফিট যতই হোক
খাওয়াচ্ছি বিষ যুক্ত তত।
প্রশাসন করছে টা কি
দেখছি কি তারা ঘুরে
মবিল কোটে পেড়ে তাদের
দাও জেলে সব ভরে।



## জাভেদ মাসুদ মিল্টনের মনোনয়ন চেয়ে বিএনপির বিক্ষোভ মিছিল

নিজস্ব প্রতিবেদক.গাংনী

মেহেরপুরের গাংনী উপজেলায় বিএনপির নেতা-কর্মীরা মেহেরপুর-২ (গাংনী) আসনে জেলা বিএনপির সভাপতি জাভেদ মাসুদ মিল্টনকে মনোনয়ন দেওয়ার দাবিতে বিক্ষোভ মিছিল করেছে। গতকাল বুধবার (১২ নভেম্বর) বিকেলে বামন্দি বাসস্ট্যান্ড থেকে মিছিল শুরু হয়ে

২-এর পৃষ্ঠা দেখুন

## দুইটি ট্রলারাহ ১৩ জেলেকে ধরে নিয়ে গেছে 'আরাকান আর্মি'

সূর্যোদয় প্রতিবেদন

সেন্টমার্টিনের দক্ষিণে বঙ্গোপসাগরে মাছ শিকার করতে গিয়ে দুইটি ট্রলারসহ ১৩ বাংলাদেশি জেলেকে ধরে নিয়ে গেছে মিয়ানমারের সশস্ত্র বিদ্রোহী গোষ্ঠী আরাকান আর্মি । বুধবার বিকেলে বিষয়টি নিশ্চিত করেন টেকনাফ পৌরসভার কায়ুকখালী বোটমালিক সমিতির সভাপতি সাজেদ আহমেদ। তিনি জানান, তাঁর ঘাটের দুটি ট্রলার গভীর সমুদ্রে মাছ ধরতে গিয়েছিল। এ সময় সেন্টমার্টিনের দক্ষিণ দিক থেকে ধাওয়া করে আরাকান আর্মির সদস্যরা দুটি ট্রলারসহ ১৩ জেলেকে ধরে নিয়ে যায়।

২-এর পৃষ্ঠা দেখুন



## দারিয়াপুরে তাজউদ্দীনের গণসংযোগ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের মুজিবনগর উপজেলার দ মেহেরপুর-১ আসনের জামায়াত মনোনীত সংসদ সদস্য প্রার্থী মাওলানা তাজউদ্দীনের গণসংযোগ অনুষ্ঠিত হয়েছে।গততকাল বুধবার বিকালে দারিয়াপুর বাজারে অনুষ্ঠিত গণ সংযোগে দারিয়াপুর ইউনিয়ন জামায়াতের

২-এর পৃষ্ঠা দেখুন


সু- খবর সু- খবর সু- খবর
আপনার স্বপ্নের অফিসিয়াল স্মার্ট ফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন এক ছাদের নিচে।
আমাদের কাছে পাচ্ছেন -
✓ অথেনটিক প্রোডাক্ট
✓ সেরা দাম
✓ নির্ভরযোগ্য সেবা
মোবাইল স্টেশন
তাই আর দেরি না করে আপনার প্রয়োজনীয় অফিসিয়াল যে কোনো স্মার্টফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন-ই সংগ্রহ করুন আমাদের কাছ থেকে নিশ্চিন্তে।
আমাদের ঠিকানা: মোবাইল স্টেশন প্রধান সড়ক, মেহেরপুর। হেল্পলাইন: ০১৭১২৫১১১৮১
বিঃদ্রঃ- আমরা কোন অবস্থায় রিফারবিষ্ট বা ক্লোন মোবাইল বিক্রি করিনা।
আপনার হাতে থাকা পুরোনো মোবাইল ফোনটি এক্সচেঞ্জ করতে পারেন খুব সহজেই।

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর ॥ বৃহস্পতিবার ॥ ২৮ কার্তিক ১৪৩২ বাংলা ॥ ১৩ নভেম্বর ২০২৫ইং


## রোহিঙ্গা সহায়তায় কোরিয়ার নতুন চাল অনুদান গ্রহণ করল বাংলাদেশ

সূর্যোদয় প্রতিবেদন

রোহিঙ্গা শরণার্থী সংকটে মানবিক সহায়তার অংশ হিসেবে কোরিয়া প্রজাতন্ত্রের পক্ষ থেকে নতুন চাল অনুদান গ্রহণ করেছে বাংলাদেশ সরকার ও জাতিসংঘের বিশ্ব খাদ্য কর্মসূচি (ডব্লিউএফপি)। বুধবার চট্টগ্রামের আলংকারে ডব্লিউএফপি গুদামে এক অনুষ্ঠানে এ অনুদান হস্তান্তর করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সচিব মো. মোস্তাফিজুর রহমান। উপস্থিত ছিলেন বাংলাদেশে নিযুক্ত কোরিয়ার রাষ্ট্রদূত হি. ই. ইয়াং সিক পার্ক এবং ডব্লিউএফপি কান্ট্রি ডিরেক্টর ডম স্কালপেলি।

৩-এর পৃষ্ঠা দেখুন

## আদানি বিদ্যুৎ সরবরাহ বন্ধের হুমকি

# বাংলাদেশ কতটা ঝুঁকিতে?

সূর্যোদয় প্রতিবেদন

ভারতের আদানি গ্রুপের বকেয়া বিলের কারণে বাংলাদেশে বিদ্যুৎ সরবরাহ বন্ধের হুমকি দেওয়ার পর বিদ্যুৎ খাতের সক্ষমতা নিয়ে নতুন প্রশ্ন উঠেছে। বর্তমানে দেশে চাহিদার তুলনায় প্রায় দ্বিগুণ বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা থাকা সত্ত্বেও এই বিতর্ক তৈরি হয়েছে। আদানি পাওয়ার বাংলাদেশকে বিদ্যুৎ সরবরাহ অব্যাহত রেখেছে, সোমবার ৮৩৬ মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহ করা হয়েছে। তবে কোম্পানিটির পক্ষ থেকে বলা হয়েছে, বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের (পিডিবি) কাছে এখন আদানির স্বাভাবিক বিল সহ সুদ মিলিয়ে ৪ হাজার ৩০০ কোটি টাকা (৩৫ কোটি ডলার) পাওনা আছে। এর আগে ৩০ অক্টোবর আদানি বলেছিল, বিরোধপূর্ণ বিল ৪৯ কোটি ৬০ লাখ ডলার। আদানি ৩০ অক্টোবর এক চিঠিতে জানিয়েছিল, ১০ নভেম্বরের মধ্যে ২৬ কোটি ২০ লাখ ডলার বকেয়া না দিলে ১১ নভেম্বর থেকে সরবরাহ বন্ধ করা হবে। তবে বাংলাদেশ সরকার হুঁশিয়ারি দিয়ে জানায়, হঠাৎ সরবরাহ বন্ধ করলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে। এরপর পিডিবি ও বিদ্যুৎ বিভাগ বৈঠক করে সমস্যা সমাধানের চেষ্টা চালায়। বিদ্যুৎ বিভাগের কর্মকর্তারা জানিয়েছেন, বাংলাদেশ অনেকটা আদানির বিদ্যুতের ওপর নির্ভরশীল। কোম্পানিটি ১৬০০ মেগাওয়াট সরবরাহ করে। যদি এটি বন্ধ হয়, তবে দেশের নিজস্ব কেন্দ্রগুলো চালু করতে হবে, বিশেষ করে ফার্নেস অয়েলভিত্তিক কেন্দ্রগুলো, যা প্রতি ইউনিট বিদ্যুতের দাম ২৬ টাকার বেশি পড়বে। তুলনামূলকভাবে কয়লা ভিত্তিক উৎপাদন প্রতি ইউনিট খরচ ১৩ টাকা। এছাড়া, আদানি এবং পিডিবির মধ্যে কয়লার মূল্য নিয়ে বিরোধও রয়েছে। কোম্পানি বলছে, তারা বকেয়া বিলের পুরো টাকা চাইছে, যেখানে পিডিবি অভিযোগ করছে, আদানি নিয়মিত হিসাব থেকে অতিরিক্ত বিল নিচ্ছে। বিদ্যুৎ সচিব ফারজানা মমতাজের সঙ্গে গৌতম আদানির সাক্ষাৎও এই বিরোধ মেটাতে ব্যর্থ

৩-এর পৃষ্ঠা দেখুন

## সাড়ে তিন মাস পর বাড়ি ফিরল মাইলস্টোন দুর্ঘটনায় আহত যমজ দুই শিশু

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে দীর্ঘ সাড়ে তিন মাস চিকিৎসা শেষে বাড়ি ফিরেছে মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজের বিমান দুর্ঘটনায় আহত যমজ দুই শিশু–সারিনাহ জাহান সায়রা ও সাইবাহ জাহান সায়মা। বুধবার সকালে ইনস্টিটিউটের পরিচালকের কার্যালয়ে এক সংক্ষিপ্ত অনুষ্ঠানের মাধ্যমে দুই শিশুকে বিদায় জানানো হয়। এ সময় হাসপাতালের চিকিৎসক, নার্স ও কর্মচারীরা উপস্থিত ছিলেন। প্রধান উপদেষ্টার প্রেস উইং এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানায়, মর্মান্তিক ওই দুর্ঘটনায় অগ্নিদগ্ধ হয়ে চিকিৎসাধীন ৩৩ জন এখন

৩-এর পৃষ্ঠা দেখুন

## জীবন ধারা




# কিডনিতে পাথর? এই খাদ্যাভ্যাস বদলে স্বাস্থ্য রক্ষা করুন

সূর্যোদয় প্রতিবেদন

কিডনিতে পাথর ধরা পড়লে খাদ্যাভ্যাসে সচেতনতা জরুরি। অনিয়মিত খাবার, পর্যাপ্ত পানি না খাওয়া ও কিছু অনাকাঙ্ক্ষিত অভ্যাসই পাথরের মূল কারণ। অপারেশন করালেও পুনরায় পাথর হওয়ার সম্ভাবনা থাকে, তাই সঠিক ডায়েট মেনে চলা খুবই গুরুত্বপূর্ণ। প্রতিদিন কমপক্ষে ৩-৪ লিটার পানি পান করুন। এতে প্রস্রাবের পরিমাণ বৃদ্ধি পায় এবং কিডনিতে জমে থাকা খনিজ ও বর্জ্য পদার্থ বের হয়ে যায়। যদি জুস বা অন্যান্য তরল খাবারের সঙ্গে মিলিয়ে ৫-৬ লিটার তরল গ্রহণ করা যায়, তবে উপকার আরও বেশি। পাতিলেবু, কমলালেবু ইত্যাদি সাইট্রেট সমৃদ্ধ ফল ক্যালসিয়াম অক্সালেট পাথর গলাতে সাহায্য করে। লেবুর রস প্রস্রাবকে অম্লীয় করে, যা নতুন পাথর গঠনে বাধা দেয়। কলা, পেঁপে, তরমুজের মতো ফল প্রচুর পটাশিয়াম ধারণ করে। এগুলো প্রস্রাবের স্বাভাবিক প্রবাহ বজায় রাখতে সাহায্য

৩-এর পৃষ্ঠা দেখুন



# নবজাতককে জেলা প্রশাসকের উপহার

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর মা ও শিশু কল্যাণ কেন্দ্রে নরমাল ডেলিভারির মাধ্যমে জন্ম নেওয়া নবজাতক ও তার মাকে উপহার সামগ্রী প্রদান করা হয়েছে। গতকাল বুধবার দুপুরে জেলা প্রশাসকের নির্দেশে মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম সদ্য মা হওয়া রিমা খাতুনের হাতে শুভেচ্ছা উপহার তুলে দেন। রিমা খাতুন মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর গ্রামের লিজন হোসেনের স্ত্রী। এর আগে বুধবার সকালে রিমা খাতুন একটি পুত্রসন্তানের জন্ম দেন। নবজাতকের নাম রাখা হয়েছে সায়ফান হোসেন। উপজেলা নির্বাহী অফিসার মো. খায়রুল ইসলাম জেলা প্রশাসকের পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা জানিয়ে নবজাতক ও তার মায়ের জন্য বিভিন্ন উপহার সামগ্রী

৩-এর পৃষ্ঠা দেখুন

## ১৬ নভেম্বর থেকে যমুনার সামনে অবস্থান নেবে জামায়াতসহ আট দল

সূর্যোদয় প্রতিবেদন

সরকারকে জুলাই জাতীয় সনদ বাস্তবায়ন আদেশ জারি ও নির্বাচনের আগে গণভোটসহ পাঁচ দফা দাবি মেনে নেওয়ার জন্য ১৬ নভেম্বর পর্যন্ত সময়সীমা দিয়েছে জামায়াতে ইসলামীসহ আটটি রাজনৈতিক দল। নির্ধারিত সময়ের মধ্যে দাবিগুলো বাস্তবায়ন না হলে তারা প্রধান উপদেষ্টার বাসভবন যমুনার সামনে অনির্দিষ্টকালের অবস্থান কর্মসূচি পালনের ঘোষণা দিয়েছে। বুধবার রাজধানীর মগবাজারের আল ফালাহ মিলনায়তনে আয়োজিত এক যৌথ সংবাদ সম্মেলনে এ ঘোষণা দেন জামায়াতে ইসলামী'র সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার। গোলাম পরওয়ার বলেন, "আমরা প্রধান উপদেষ্টার সঙ্গে আলোচনার মাধ্যমে রাজনৈতিক অচলাবস্থা সমাধান করতে চাই। কিন্তু যদি

২-এর পৃষ্ঠা দেখুন



# ডা.তাহের-ডা.লিনা নার্সিং ইনস্টিটিউটের নবীন বরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে ডা.তাহের-ডা.লিনা নার্সিং ইনস্টিটিউটের উদ্যোগে নবীন শিক্ষার্থীদের বরণ ও প্রবীণ শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়েছে। বুধবার দুপুরে ইনস্টিটিউটের অডিটোরিয়ামে এই অনুষ্ঠানটি আয়োজিত হয়। ডা.তাহের-ডা.লিনা নার্সিং ইনস্টিটিউটের চেয়ারম্যান ডা. মেলিনা সুলতানা সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিভিল সার্জন ডা. এস এম আবু সাঈদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের সুপার ডা. শাহরিয়ার শায়লা জাহান, অবসরপ্রাপ্ত পরিবার পরিকল্পনা বিভাগের উপ-পরিচালক ডা. এম এ বাসার, মেহেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান

৩-এর পৃষ্ঠা দেখুন

## নির্বাচনের প্রস্তুতি নিচ্ছে বাংলাদেশ, এটি হবে জাতির ঐতিহাসিক মুহূর্ত: প্রধান উপদেষ্টা

সূর্যোদয় প্রতিবেদন

অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস বলেছেন, বাংলাদেশ এখন এক ঐতিহাসিক রূপান্তরের মধ্য দিয়ে যাচ্ছে। "আমরা নির্বাচনের প্রস্তুতি নিচ্ছি, যা জাতির জন্য এক ঐতিহাসিক মুহূর্ত হয়ে উঠবে,"–বলেন তিনি। বুধবার রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় কানাডীয় সাত সদস্যের সংসদীয় প্রতিনিধিদলের সঙ্গে বৈঠকে তিনি এ কথা বলেন। প্রতিনিধিদলের নেতৃত্ব দেন কানাডার সিনেটর সালমা আতাউল্লাহজান। সাক্ষাতে উভয়পক্ষ দ্বিপাক্ষিক বাণিজ্য সহযোগিতা জোরদার করা ও রোহিঙ্গা সংকট মোকাবিলায় সম্ভাব্য পদক্ষেপ নিয়ে আলোচনা করেন। ড. ইউনূস রোহিঙ্গা সম্প্রদায়ের প্রতি কানাডার দীর্ঘদিনের সহায়তার জন্য কৃতজ্ঞতা জানিয়ে বলেন,

৩-এর পৃষ্ঠা দেখুন




# সুন্দর হাতের লেখা প্রতিযোগিতা অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে গতকাল বুধবার 'তারুণ্যের উৎসব' উপলক্ষে সুন্দর হাতের লেখা ও সংগীত প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। জেলা প্রশাসন আয়োজিত এ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক ড. মুহম্মদ আবদুল ছালাম। প্রতিযোগিতার সভাপতিত্ব করেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) পার্থ প্রতিম শীল। অনুষ্ঠানে জেলা সহকারি শিক্ষা কর্মকর্তা আব্দুর রহিম, সদর উপজেলা শিক্ষা কর্মকর্তা মনিরুল ইসলামসহ বিভিন্ন শিক্ষা কর্মকর্তা ও শিক্ষকরা উপস্থিত ছিলেন। ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণির শিক্ষার্থীরা এতে অংশগ্রহণ করে। মোট ৬০ জন শিক্ষার্থী তাদের সৃজনশীল হাতের লেখা ও সংগীত দক্ষতা উপস্থাপন করে। জেলা প্রশাসন জানায়, এ ধরনের আয়োজনের মাধ্যমে শিক্ষার্থীদের

৩-এর পৃষ্ঠা দেখুন



# চুয়াডাঙ্গায় সড়ক উন্নয়ন ও ড্রেন নির্মাণ কাজের উদ্বোধন

নিজস্ব প্রতিবেদক. চুয়াডাঙ্গা

চুয়াডাঙ্গা পৌরসভায় 'স্থিতিস্থাপক নগর ও আঞ্চলিক উন্নয়ন প্রকল্প'-এর আওতায় সড়ক উন্নয়ন, ড্রেন নির্মাণ ও সড়কে বাতি পোল স্থাপন কাজ শুরু হয়েছে। বুধবার সকাল সাড়ে ১০টায় জেলা প্রশাসক জহিরুল ইসলাম এ নির্মাণ কাজের উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে চুয়াডাঙ্গা পৌরসভার প্রশাসক শারমিন আক্তার, সহকারী প্রকৌশলী

৩-এর পৃষ্ঠা দেখুন



## কুষ্টিয়ায় রবিউল ইসলাম ও স্ত্রীর বিরুদ্ধে দুদকের মামলা

নিজস্ব প্রতিবেদক. চুয়াডাঙ্গা

দুর্নীতি দমন কমিশনে (দুদক) দাখিল করা সম্পদ বিবরণীতে তথ্য গোপন রাখা ও জ্ঞাত আয়বহির্ভূত বিপুল সম্পদ অর্জনের অভিযোগে কুষ্টিয়া জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান

৩-এর পৃষ্ঠা দেখুন

## ছত্তিশগড়ে নিরাপত্তা বাহিনীর সঙ্গে মাওবাদীদের সংঘর্ষে নিহত ৬

সূর্যোদয় প্রতিবেদন

ভারতের মধ্যাঞ্চলীয় রাজ্য ছত্তিশগড়ের বিজাপুর জেলায় নিরাপত্তা বাহিনীর সঙ্গে মাওবাদীদের ব্যাপক সংঘর্ষে অন্তত ছয় জন মাওবাদী নিহত হয়েছেন। মঙ্গলবার (১১ নভেম্বর) বিকেলে সংঘর্ষের ঘটনা ঘটে বলে জানিয়েছে ফরাসি বার্তা সংস্থা এএফপি। সংঘর্ষের সময় উভয় পক্ষের মধ্যে তীব্র গোলাগুলি হয়। অভিযান শেষে বিপুল পরিমাণ অস্ত্র ও বিস্ফোরক উদ্ধার করেছে নিরাপত্তা বাহিনী। ছত্তিশগড় পুলিশের জ্যেষ্ঠ কর্মকর্তা সুন্দররাজ পাট্টিলিনগম এএফপিকে টেলিফোনে বলেন,

৩-এর পৃষ্ঠা দেখুন




# ঝিনাইদহে আইনজীবীদের বিক্ষোভ সমাবেশ

নিজস্ব প্রতিবেদক. ঝিনাইদহ

ঝিনাইদহে সারাদেশে চলমান নৈরাজ্য ও অস্থিতিশীলতার প্রতিবাদে বুধবার (১২ নভেম্বর) আইনজীবীরা বিক্ষোভ সমাবেশ করেছে। সকাল সাড়ে ১১টায় জেলা আইনজীবী সমিতির কার্যালয়ের সামনে অনুষ্ঠিত এই সমাবেশে অংশগ্রহণ করেন জেলার বিভিন্ন আদালতের

৩-এর পৃষ্ঠা দেখুন


✨ জামান বস্ত্রালয় ✨

আপনার আস্থার পোশাকের ঠিকানা

সর্বাধুনিক ফ্যাশনের নান্দনিক সংগ্রহ

জেন্টস, লেডিস ও বাচ্চাদের জন্য মানসম্মত পোশাক

সালোয়ার–কামিজ, থ্রি-পিস, শাড়ি, পাঞ্জাবি, কোটসহ সবকিছু

ঈদ, পূজা, বিয়ে বা যেকোনো উৎসবের জন্য বিশেষ কালেকশন

💯 ন্যায্য দামে গুণগত মানের নিশ্চয়তা

👉 একবার আসুন, দেখুন – তারপরই বুঝবেন পার্থক্য!

ঠিকানা: বড়বাজার, মেহেরপুর

যোগাযোগ: 01718 552784, 01673 980044


## প্রযুক্তি

## স্ট্রোক চিকিৎসায় এআই সেবা ন্যাশনাল নিউরোসায়েন্সেসে নতুন উদ্যোগ

নিজস্ব প্রতিবেদন

স্ট্রোকের চিকিৎসায় এবার যুক্ত হচ্ছে কৃত্রিম বুদ্ধিমত্তা বা এআই প্রযুক্তি। রাজধানীর আগারগাঁওয়ের ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরোসায়েন্সেস অ্যান্ড হসপিটালে (নিন্স) শিগগিরই চালু হচ্ছে এআই-নির্ভর চিকিৎসাসেবা। নিন্সের পরিচালক অধ্যাপক ডা. কাজী গিয়াস উদ্দিন আহম্মেদ জানান, সিটি স্ক্যান মেশিনের সঙ্গে যুক্ত বিশেষ ডিভাইসের মাধ্যমে রোগীর ব্রেইনে স্ট্রোকের মাত্রা এআই সিস্টেম মুহূর্তেই শনাক্ত করবে। এতে দ্রুত চিকিৎসা শুরু করা সম্ভব হবে। তিনি বলেন, "আমরা ইতোমধ্যে মেকানিক্যাল থ্রমবেকটমি পদ্ধতি চালু করেছি, যার মাধ্যমে জমাটবদ্ধ রক্ত সহজেই সরানো যায়। এখন এআই প্রযুক্তি জানাবে–ব্রেইনের কোন




স্থানে হস্তক্ষেপে ভালো ফল মিলবে।" বাংলাদেশে স্নায়ুরোগীর সংখ্যা বাড়ছে উচ্চ রক্তচাপ, ডায়াবেটিস, অনিয়মিত জীবনযাপন ও অতিরিক্ত চর্বিযুক্ত খাবারের

৩-এর পৃষ্ঠা দেখুন


মায়ের হাসি ক্লিনিক

ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব

মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।

পরীক্ষাসমূহ ✅ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✅ এক্স-রে ✅ আল্ট্রাসনোগ্রাফি ✅ হরমন এনালাইসিস ✅ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✅ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✅ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা

সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫

মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১

নিয়মিত রোগী দেখেন

শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অস্ট্রেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। (শুক্রবার ব্যাতিত)

প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।

মেডিকেল প্রাক্টিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।

মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা



হৃদরোগ, মেডিসিন এবং ডায়াবেটিক রোগ বিশেষজ্ঞ



এম.বি.বি.এস (ডি.ইউ) বি.সি.এস (স্বাস্থ্য), ডি-কার্ড কার্ডিওলজি), এফ.সি.পি.এস(মেডিসিন). সি.সি.ডি (বারডেম),এক্স রেসিডেন্ট, কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, মেহেরপুর।

ডা: মো: শাহিনুর রশিদ

চিকিৎসা সেবা সমূহ

• হৃদরোগ (হার্টের সমস্যা)• হার্ট এ্যাটাক/হার্ট ফেলিউর ◻ হৃদরোগ জনিত শ্বাসকষ্ট বুক ধড়ফড় করা, • হার্টের ভাল্বের সমস্যা • জন্মগত হার্টের ছিদ্র ◻ এ্যাজমা ও শ্বাসকষ্ট - বক্ষব্যাধি • ডায়াবেটিস • বাতব্যথা বাতজ্বর • কিডনী রোগ • প্রেসার (উচ্চ রক্তচাপ)• রক্তের কলেষ্টেরল বৃদ্ধি • লিভার ও পরিপাকতন্ত্রের রোগ • জ্বর (দীর্ঘ কালীন)।

নিয়মিত রোগী দেখছেন ও ইকোকার্ডিওগ্রাফি করছেন শনি থেকে বুধবার বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত।

রাবেয়া মেডিকেল সার্ভিসেস, হাসপাতাল গেট, মেহেরপুর

সিরিয়ালের জন্য যোগাযোগ রিসিপশন: 01754974466, 01724-787313 মার্কেটিং: 01304-100307, 1304-100308



দিন-রাত মানবিক সেবার লক্ষে

কুদরত-ই-খুদা-ক্লিনিক এন্ড ল্যাব

মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সামনে,আসিফ প্লাজা ২য় ও ৩য় তলা)

কেদারগঞ্জ বাজার, মুজিবনগর, মেহেরপুর। সিরিয়ালের জন্য: ০১৭৫৭-৮২৮২৭৮

স্বনামধন্য বিশেষজ্ঞ চিকিৎসকগণ দ্বারা সর্বাধুনিক চিকিৎসা ও সেবা-

মেডিসিন বিশেষজ্ঞ - ডাঃ মোঃ আতিকুর রহমান

এম.বি.বি.এস (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য) সিসিডি (বারডেম),এম.আর. সি.পি (ইউকে) পার্ট-১ এফ.সি.পি.এস (মেডিসিন) শেষ পর্ব। সহকারী রেজিস্ট্রার কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল মেডিসিন বিশেষজ্ঞ।

রোগী দেখছেন: প্রতি মঙ্গলবার দুপুর ২টা থেকে রাত ৮টা

ইউরোলজি বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল

এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস (ইউরোলজি) এম.এস. (ইউরোলজি) ইউরোলজি বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন।

রোগী দেখছেন: প্রতি শনিবার ও রবিবার দুপুর ২টা হতে রাত ৮টা

নিউরোসার্জারী বিশেষজ্ঞ- ডাঃ মোঃ মোক্তাদ্বিরুউল বাশার

এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এম. এস রেসিডেন্ট নিউরোসার্জারী (ব্রেইন,নার্ভ,স্পাইন, পেইন) স্পেশাল ট্রেনিং অন পেইন ম্যানেজমেন্ট ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল।

রোগী দেখছেন: প্রতি শুক্রবার দুপুর ২টা হতে সন্ধা ৬টা

গাইনি, প্রসূতি ও মেডিসিন রোগে অভিজ্ঞ - ডাঃ জান্নাতুল ফেরদৌস সীমা

এম.বি.বি.এস (রাজশাহী) এম.সি.জি.পি (অব্স এন্ড গাইনী) সি.এম.ইউ(আল্ট্রাসনোগ্রাফি)

রাগী দেখছেন: প্রতি সোমবার সকাল ১০টা থেকে দুপুর ২টা

--- বিশেষজ্ঞ ডাক্তারগণ সব ধরনের অপারেশন করছেন --

হার্নিয়া, জরায়ু, পিত্তথলির পাথর, সিজার, এ্যাপেনডিক্স, অর্শ্ব পাইলস।

ডাঃ মাহাবুব আলম বিপ্লব (সহকারী অধ্যাপক) | ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন। | ডাঃ রিচার্ড সরেন প.জি.টি সার্জন



ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর, বৃহস্পতিবার, ১৩ নভেম্বর ২০২৫ ইং

## বিশেষ শিশুদের মুখে হাসি ফুটুক সর্বত্র

মেহেরপুর সদর উপজেলার বুদ্ধি প্রতিবন্ধী ও অটিস্টিক বিদ্যালয়ে জেলা প্রশাসনের উদ্যোগে শুকনো খাবার বিতরণের আয়োজনটি হয়তো ছোট, কিন্তু এর মানবিক বার্তা অনেক বড়। এই আয়োজনের মধ্য দিয়ে আমরা দেখেছি–একটুখানি যত্ন, সামান্য সহানুভূতি আর একটু ভালোবাসাই পারে বিশেষ শিশুদের জীবনে অসীম আনন্দ এনে দিতে। বিশেষ চাহিদাসম্পন্ন বা প্রতিবন্ধী শিশুরা সমাজের অবিচ্ছেদ্য অংশ। কিন্তু বাস্তবতা হলো, তারা এখনও নানা অবহেলা ও সামাজিক বঞ্চনার শিকার। সমাজে তাদের জন্য সুযোগ-সুবিধা এখনো পর্যাপ্ত নয়। অথচ একটু আন্তরিক প্রয়াসই পারে তাদের জীবনে নতুন সম্ভাবনার দুয়ার খুলে দিতে। মেহেরপুরে জেলা প্রশাসনের এই উদ্যোগ তাই শুধু খাবার বিতরণের অনুষ্ঠান নয়, এটি এক মানবিক দৃষ্টান্ত–যা সারা দেশের প্রশাসন ও সমাজের জন্য অনুকরণীয় হতে পারে। প্রতিবন্ধী শিশুদের মুখে হাসি ফোটানো মানে কেবল সাময়িক আনন্দ দেওয়া নয়, বরং তাদের আত্মবিশ্বাস ও জীবনের প্রতি আস্থা বাড়িয়ে তোলা। সমাজ ও রাষ্ট্রের দায়িত্ব হলো তাদের পাশে থাকা, শিক্ষা ও প্রশিক্ষণের মাধ্যমে তাদের সক্ষমতা বিকাশে সহায়তা করা। পরিবার, শিক্ষক, সমাজ–সবার সম্মিলিত সহযোগিতাই পারে এই শিশুদের ভবিষ্যৎ আলোকিত করতে। বাংলাদেশে সরকার ইতিমধ্যে বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের শিক্ষা ও প্রশিক্ষণের জন্য নানা প্রকল্প হাতে নিয়েছে। কিন্তু এসব কার্যক্রমকে আরও বাস্তবায়নযোগ্য ও বিস্তৃত করতে হবে। একই সঙ্গে স্থানীয় পর্যায়ে প্রশাসন, জনপ্রতিনিধি ও সমাজের সাধারণ মানুষকে এগিয়ে আসতে হবে। মেহেরপুর সদর উপজেলার এই উদ্যোগ প্রমাণ করেছে–মানবিকতার অনুশীলন বড় আয়োজনের মধ্যেই সীমাবদ্ধ নয়। একটি ছোট আয়োজনও হতে পারে সমাজে পরিবর্তনের সূচনা। আমরা চাই, দেশের প্রতিটি জেলায়, প্রতিটি উপজেলায় এ ধরনের কার্যক্রম আরও সম্প্রসারিত হোক। প্রতিটি বিশেষ শিশুর মুখে হাসি ফুটুক–এটাই হোক আমাদের সবার অঙ্গীকার।

## এসপির সরকারি বাসভবনে আগুন

(প্রথম পৃষ্টার পর)

আগুন নিয়ন্ত্রণে আনে। অগ্নিকাণ্ডে ৪টি এসি,৩ তিনটি ফ্রিজসহ বিভিন্ন মালামাল পুড়ে গেছে। ক্ষয়ক্ষতির পরিমাণ প্রাথমিক ভাবে ধারণা করা হচ্ছে প্রায় ১০ লক্ষ টাকা এবং এসি থেকে বৈদ্যুতিক শর্টসার্কিটের কারণে আগুনের সূত্রপাত হয়েছে।" তিনি আরও বলেন, "আমাদের দুটি ইউনিট চলে যাবে, আর একটি ইউনিট এখানে কাজ করবে। এখানকার স্থাপনা এখন হিট হয়ে আছে। যে ইউনিটটি এখানে থাকবে, সে ইউনিটটি এটিকে ঠান্ডা করবে।" অগ্নিকাণ্ডের সময় পুলিশ সুপার মোহাম্মদ মনজুর আহমেদ সিদ্দিকী অফিসে ছিলেন। খবর পেয়ে তিনিও ছুটে আসেন। তিনি বলেন, "আমি একাই এখানে থাকি। ঘটনাস্থলে তখন কেউ ছিল না, তাই কোনো হতাহতের ঘটনা ঘটেনি। আমার বাসার গার্ড ফোন করে খবর দেয়–তারা হঠাৎ একটি শব্দ শুনে ডাইনিং রুমের দিকে আগুন বের হতে দেখে। ফায়ার সার্ভিসের প্রতিবেদন হাতে এলে বিস্তারিত জানা যাবে।" আগুন লাগার খবর পেয়ে প্রশাসনের বিভিন্ন কর্মকর্তা, পুলিশের উর্ধ্বতন কর্মকর্তা ও স্থানীয় জনপ্রতিনিধিরা ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি পরিদর্শন করেন।

## আজ জাতির উদ্দেশে ভাষণ দেবেন

(প্রথম পৃষ্টার পর)

কয়েকদিনে ঢাকার বিভিন্ন স্থানে সিসি ক্যামেরার ফুটেজ বিশ্লেষণ করে দেখা যায়, হেলমেট ও মাস্ক পরে ভোরবেলা অথবা দিনের ব্যস্ততম সময়ে টার্গেট করা স্থানে ককটেল বিস্ফোরণ করে দ্রুত ঘটনাস্থল ত্যাগ করছে কার্যক্রম নিষিদ্ধ একটি রাজনৈতিক দল। অনেক সময় ককটেল বিস্ফোরণে অপ্রাপ্তবয়স্কদেরও ব্যবহার করা হচ্ছে। দু-একটি মোটরসাইকেল থেকে ককটেল নিক্ষেপের ঘটনা ঘটেছে, তবে এতে আতঙ্কিত হওয়ার কিছু নেই।

## জুলাই শহীদ শুভর মরদেহ উত্তোলন

(প্রথম পৃষ্টার পর)

গুলিতে আহত হন শাহরিয়ার শুভ। চিকিৎসাধীন অবস্থায় ২৩ জুলাই তিনি নিউরোসায়েন্স হাসপাতালে মারা যান। পরদিন চুয়াডাঙ্গা সদর উপজেলার শংকরচন্দ্র গ্রামের পারিবারিক কবরস্থানে তাকে দাফন করা হয়। মৃত্যুর ঘটনায় পুলিশ হত্যা মামলা দায়ের করে। মামলার তদন্তকারী কর্মকর্তা গোয়েন্দা পুলিশের মিরপুর বিভাগের এসআই রোকনুজ্জামান মরদেহ উত্তোলনের জন্য আদালতে আবেদন করেন। আদালত ময়নাতদন্তের নির্দেশ দেন ও সুরতহাল প্রস্তুতের নির্দেশ প্রদান করেন। বুধবার সকালে জেলা প্রশাসনের সরকারি কমিশনার আশফাকুর রহমানসহ বিভিন্ন দায়িত্বশীল কর্মকর্তা কবরস্থলে উপস্থিত ছিলেন। তবে পরিবারের আপত্তির কারণে মরদেহ উত্তোলন করা যায়নি।

## ভ্রাম্যমাণ আদালতের অভিযান: অবৈধ

(প্রথম পৃষ্টার পর)

সূত্রে জানা গেছে, সরকারি বিধিমালায় পৌর এলাকার মধ্যে ইটভাটা পরিচালনার অনুমতি নেই। এর আগে গত ২৫ সেপ্টেম্বর পৌর এলাকার ৩টি অবৈধ ইটভাটায় অভিযান চালিয়ে শুধুমাত্র সীমানা প্রাচীর ভেঙে দেওয়া হয় এবং মালিকদের ভাটা পরিচালনা না করার নির্দেশ দেওয়া হয়। কিন্তু মালিকরা সেই নির্দেশনা অমান্য করে আবারও কার্যক্রম চালু করলে এই অভিযান পরিচালনা করা হয়। অভিযানের সময় আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরাও উপস্থিত ছিলেন।

## মেহেরপুর জেলা প্রশাসককে বিদায়

(প্রথম পৃষ্টার পর)

সময় কর্মকর্তাদের আন্তরিক সহযোগিতা ও স্থানীয় মানুষের স্নেহের জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি একই সঙ্গে অফিসার্স ক্লাবের সভাপতি হিসেবেও সংক্ষিপ্ত বক্তব্য দেন। সংবর্ধনা অনুষ্ঠানে বক্তব্য রাখেন সিভিল সার্জন ডা. আবু সাঈদ, অতিরিক্ত জেলা প্রশাসক তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ, সদর উপজেলা নির্বাহী অফিসার মো. খায়রুল ইসলাম, জেলা পরিবার পরিকল্পনা বিভাগের উপপরিচালক আব্দুস সাত্তার এবং যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশিক্ষক আমিনুল ইসলাম। অনুষ্ঠানে বিদায়ী জেলা প্রশাসককে সম্মাননা ক্রেস্ট প্রদান করা হয়। এছাড়াও উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক তরিকুল ইসলাম, স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক পার্থ প্রতিম শীল, সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সুমাইয়া জাহান ঝুরকা, শিক্ষক ও সরকারি কলেজের শিক্ষক পরিষদের সাধারণ সম্পাদক সহযোগী অধ্যাপক খেজমত আলী মালিথ্যা, জেলা তথ্য অফিসার আব্দুল আল মামুন প্রমুখ।

## কিশোরীদের সচেতনতামূলক প্রশিক্ষণ

(প্রথম পৃষ্টার পর)

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক নাজমা সালেহীন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম, কোর্স পরিচালক ছিলেন উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা মোঃ রাকিবুল ইসলাম, এবং বিশেষ অতিথি ছিলেন সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সুমাইয়া জাহান ঝুরকা। আলোচনা সভার পর প্রশিক্ষণার্থীদের মধ্যে ব্যাগ বিতরণ এবং উপকারভোগীদের মাঝে প্রণোদনা চেক প্রদান করা হয়।

## রাজনৈতিক দলগুলোকে মাঠে থাকার

(প্রথম পৃষ্টার পর)

"সন্ত্রাসীরা যাতে সহজে জামিন না পায়, সেজন্য আদালতের প্রতি আমরা আহ্বান জানাব। যারা জামিনে বের হয়ে আবার অপরাধে জড়াচ্ছে, তাদেরও আইনের আওতায় আনা হবে।"

তিনি আরও জানান, গেল দুদিনে রাজধানী ও আশপাশে বাসে আগুন ও ককটেল বিস্ফোরণ ঘটেছে, তবে গোয়েন্দা সংস্থার কোনো ব্যর্থতা নেই। "বড় কোনো মিছিল হয়নি, তবে এমন ঘটনা যাতে আর না ঘটে, সে বিষয়ে কঠোর নির্দেশনা দেওয়া হয়েছে," বলেন তিনি।

রাজধানীতে নাশকতা প্রতিরোধে ঢাকাবাসীর সহযোগিতা কামনা করেছেন ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি) কমিশনার শেখ মো. সাজ্জাত আলী। মঙ্গলবার বিকেলে মিন্টো রোডে সংবাদ সম্মেলনে তিনি বলেন, "ঢাকাবাসী অতীতে স্বৈরাচার পতনে ভূমিকা রেখেছিল। আজও নাশকতাকারীদের প্রতিহত করবে জনগণ। আপনারা অপরিচিত কাউকে আশ্রয় দেবেন না, যানবাহন ভাড়া দেওয়ার আগে যাচাই করুন।" তিনি আরও বলেন, সামাজিক মাধ্যমে অপপ্রচার চালিয়ে আতঙ্ক সৃষ্টির চেষ্টা হচ্ছে, তবে পুলিশ যে কোনো পরিস্থিতি মোকাবিলায় প্রস্তুত। "গত দুদিনে ১৭টি ককটেল বিস্ফোরণ ও ৯টি যানবাহনে অগ্নিসংযোগের ঘটনায় ১৭টি মামলা হয়েছে, ৫০ জনকে গ্রেপ্তার করা হয়েছে," জানান তিনি।

আবুল কাসেম অনুরাগী

# ক্ষুধা ও কষ্টের দেশে নির্বাচনই একমাত্র চিন্তা!



দেশের অধিকাংশ মানুষ আজ চরম অর্থকষ্টে দিন পার করছে। বিশ্বব্যাংকের বাংলাদেশ ডেভেলপমেন্ট আউটলুক প্রতিবেদনে বলা হয়েছে–২০২৫ সালে নতুন করে আরও ৩০ লাখ মানুষ অতিদরিদ্র শ্রেণিতে পড়বে। দারিদ্র্যের হার ২০ শতাংশ থেকে বেড়ে দাঁড়াবে ২১ দশমিক ২ শতাংশে। এই পূর্বাভাস কেবল পরিসংখ্যান নয়–এটি রাষ্ট্রীয় ব্যর্থতার এক স্পষ্ট প্রতিচ্ছবি। কিন্তু দুঃখজনক হলো- ছয় মাস পেরিয়ে গেলেও পরিস্থিতি মোকাবিলায় রাষ্ট্রীয় নীতিতে কোনো পরিবর্তন দেখা যায়নি। অন্তর্বর্তী সরকার সংসদ নির্বাচনকে কেন্দ্র করে ব্যস্ত, আর রাজনৈতিক দলগুলো ক্ষমতার সমীকরণে নিমগ্ন। জনগণের জীবনযাত্রার এই বিপর্যয় যেন কারও নজরেই নেই। আজ দেশের দরিদ্র ও নিম্নবিত্ত পরিবারগুলো খাদ্যাভাব, অপুষ্টি, চিকিৎসাহীনতা, শিক্ষা সংকট ও নিত্যপণ্যের অগ্নিমূল্যের যাঁতাকলে পিষ্ট। শহরের সরকারি হাসপাতালে চিকিৎসা পেতে ঘণ্টার পর ঘণ্টা অপেক্ষা করতে হয়, গ্রামে মানুষ ডাক্তার না পেয়ে ঝুঁকিপূর্ণ পদ্ধতিতে চিকিৎসা নিচ্ছে। আর খাবারের উচ্চমূল্যের কারণে বহু পরিবার অর্ধাহারে দিন কাটাচ্ছে। এই সংকট যেন রাষ্ট্রের উচ্চপর্যায়ের বোধে কোনো নাড়া দিচ্ছে না। রাজনীতিকেরা ক্ষমতায় যাওয়ার লড়াইয়ে এতটাই নিমগ্ন যে, সাধারণ মানুষের বেঁচে থাকার সংগ্রাম তাদের আলোচনার বিষয় নয়। ভোটের সময় জনগণের নাম উচ্চারিত হয় বক্তৃতার অলংকার হিসেবে, বাস্তবে তারা যেন কেবল গণনার সংখ্যা। জনস্বার্থের প্রতি রাষ্ট্রীয় উপেক্ষার সবচেয়ে বড় শিকার কৃষক ও শ্রমজীবী মানুষ। মাঠে উৎপাদনের পর ফসলের দাম না পেয়ে কৃষক ক্ষতিগ্রস্ত। শ্রমজীবীরা অস্থির শ্রমবাজারে অর্ধেক মজুরিতে কাজ করছে। সংগঠিত হওয়ার সুযোগ না থাকায় তাদের কণ্ঠ রুদ্ধ। অথচ এই মানুষগুলোর ঘামেই রাষ্ট্রের অর্থনীতি টিকে আছে। একসময় দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে মানব উন্নয়ন সূচকে বাংলাদেশ ছিল অগ্রগামী। শ্রীলঙ্কা ও ভারতের পরেই আমাদের অবস্থান। কিন্তু এখন চিত্র ভিন্ন। ভিয়েতনাম, নেপাল ও এমনকি মালদ্বীপও অনেক ক্ষেত্রে বাংলাদেশকে ছাড়িয়ে গেছে। বাংলাদেশের জিডিপি প্রবৃদ্ধি এখন সার্কভুক্ত দেশগুলোর মধ্যে প্রায় নিচের দিকে। অর্থনৈতিক সংকটের সঙ্গে রাজনৈতিক অনিশ্চয়তা মিলে বাংলাদেশকে আবার দারিদ্র্যের ফাঁদে ঠেলে দিচ্ছে। যে দেশ একসময় উন্নয়নের মডেল হিসেবে প্রশংসিত ছিল, সে দেশই আজ জনগণের ক্ষুধা ও কষ্টে ডুবে যাচ্ছে। রাষ্ট্রের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিদের মনে রাখা উচিত–ক্ষমতা মানে শুধু শাসন নয়, দায়িত্বও বটে।

জনগণের কষ্টে যদি রাজনীতি সংবেদনশীল না হয়, তবে রাষ্ট্রের ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে পড়বে। জনগণের আস্থা ফিরিয়ে আনতে হলে দরকার মানবিক চিন্তা, সহমর্মিতাভিত্তিক রাজনীতি এবং এমন অর্থনীতি যা মানুষের কল্যাণে নিবেদিত। জনগণ কেবল ভোটের সময়কার সংখ্যা নয়, তারা রাষ্ট্রের প্রাণশক্তি।

রাষ্ট্র যদি এই মৌলিক সত্যটি ভুলে যায়, তবে আশঙ্কা থেকেই যায়–বাংলাদেশ যেন সেই দারিদ্র্যপীড়িত রাষ্ট্রগুলোর কাতারে না পড়ে, যেখান থেকে উঠে আসতে প্রজন্মের পর প্রজন্ম লেগে যায়।

(লেখক: শিক্ষাবীদ ও প্রকাশক আমাদের সূর্যোদয়)

# কোরআন: চিরন্তন জীবনবিধান ও মানবতার আলোকবর্তিকা

মাহমুদ হাসান ফাহিম

পবিত্র কোরআন ইসলাম ধর্মের মূল ভিত্তি, মানবজীবনের পূর্ণাঙ্গ দিকনির্দেশনা। এটি আল্লাহ তাআলার পক্ষ থেকে প্রেরিত এক অনন্য অলৌকিক গ্রন্থ–যা শুধু ধর্মীয় বিধান নয়, বরং একটি সর্বাঙ্গীন জীবনবিধান। কোরআনের প্রতিটি অক্ষর, শব্দ ও আয়াতে নিহিত আছে এমন গভীর প্রজ্ঞা ও দর্শন, যা মানুষকে চিন্তা, গবেষণা ও আত্মজিজ্ঞাসার আহ্বান জানায়। প্রায় ১৪০০ বছর আগে নিরক্ষর মহানবী হজরত মুহাম্মদ (সা.)-এর ওপর এই কোরআন অবতীর্ণ হয়েছিল। সে যুগে বিজ্ঞান, রাজনীতি, সমাজব্যবস্থা কিংবা দর্শনের জগৎ এত উন্নত ছিল না, অথচ কোরআনের ভাষা, শৈলী ও ভাব এত উচ্চমানের যে, সে সময়ের শ্রেষ্ঠ কবি-সাহিত্যিকরাও তার অনুকরণে কিছুই রচনা করতে পারেননি।কোরআনের এই ভাষাগত অলৌকিকতা প্রমাণ করে–এটি কোনো মানব রচিত গ্রন্থ নয়, বরং একমাত্র সৃষ্টিকর্তা আল্লাহর বাণী। কোরআনের শিক্ষা শুধু মুসলমানদের জন্য নয়, বরং সমগ্র মানবজাতির কল্যাণের জন্য প্রেরিত। এটি মানুষকে ন্যায়, দয়া, শান্তি ও ভ্রাতৃত্ববোধের শিক্ষা দেয়। জ্ঞানার্জনের গুরুত্ব, সমাজে ন্যায়বিচার প্রতিষ্ঠা, পরিবেশ সংরক্ষণ, নারী-পুরুষের অধিকার, এমনকি প্রাণী ও প্রকৃতির প্রতিও দায়িত্ববোধ–এসব বিষয়েও কোরআন সুনির্দিষ্ট দিকনির্দেশনা দিয়েছে। এ গ্রন্থে বলা হয়েছে, 'অন্ধকার থেকে আলোর পথে মানুষকে আনো।' অর্থাৎ, এটি এমন এক আলোকবর্তিকা, যা মানুষের হৃদয়কে শুদ্ধ করে, জীবনের প্রতিটি ক্ষেত্রে সঠিক পথ দেখায়। আধুনিক বিজ্ঞান যখন মহাবিশ্বের সৃষ্টি, ভ্রূণের বিকাশ বা সমুদ্রের রহস্য উদ্ঘাটন করছে, তখন দেখা যায়–কোরআনে শত শত বছর আগেই এসব বিষয়ের ইঙ্গিত রয়েছে। উদাহরণস্বরূপ, কোরআনে বলা হয়েছে–'আমি মানুষকে সৃষ্টি করেছি মিশ্র বীর্যের নির্যাস থেকে।' আজ বিজ্ঞান প্রমাণ করেছে–এটি নিখুঁত সত্য। এভাবেই বিজ্ঞান যতই অগ্রসর হচ্ছে, ততই কোরআনের সত্যতা নতুনভাবে উদ্ভাসিত হচ্ছে। কোরআনের সবচেয়ে বড় মুজিজা হলো এর অপরিবর্তনীয়তা। ১৪০০ বছরেও এর একটি অক্ষর পরিবর্তিত হয়নি, ভবিষ্যতেও হবে না। আল্লাহ নিজেই প্রতিশ্রুতি দিয়েছেন–"নিশ্চয়ই আমিই কোরআন অবতীর্ণ করেছি, আমিই তা সংরক্ষণ করব।"

এ প্রতিশ্রুতি কোরআনকে মানব ইতিহাসে একমাত্র অবিনশ্বর গ্রন্থ হিসেবে স্থাপন করেছে। যুগ পাল্টাচ্ছে, বিজ্ঞান এগোচ্ছে, প্রযুক্তি ছুঁয়ে ফেলছে নক্ষত্রের প্রান্ত–তবুও কোরআনের বাণী আজও সমানভাবে প্রাসঙ্গিক, প্রেরণাদায়ক ও হৃদয়স্পর্শী। এটি শুধু একটি ধর্মগ্রন্থ নয়; এটি আত্মার শান্তির উৎস, জীবনের আলো, মানবতার চিরন্তন দিকনির্দেশনা। আল্লাহ তাআলা আমাদের সবাইকে পবিত্র কোরআনের আলোয় জীবন পরিচালনার তৌফিক দান করুন।

## ২০২৬ বিশ্বকাপে খেলার বিষয়ে

(প্রথম পৃষ্টার পর)

দিয়েছে। গত ৪ সেপ্টেম্বর আর্জেন্টিনা বিশ্বকাপ বাছাই পর্বে ভেনেজুয়েলার বিপক্ষে খেলায় দুই গোল করে দলকে জেতান মেসি। ম্যাচের সময় কানায় কানায় পূর্ণ স্টেডিয়ামে তার পরিবারও উপস্থিত ছিলেন। খেলোয়াড়ের আবেগ প্রকাশ পাওয়া যায়, এবং তিনি বলেন, "বয়স বিবেচনায় আগামী বিশ্বকাপে খেলা কঠিন হতে পারে, তবে আমি এখন এক ম্যাচ করে এগোতে চাই।" মেসি আরও যোগ করেন, "বিশ্বকাপ ফুটবলের সবচেয়ে বড় মঞ্চ। এটা খেলতে পারলে অবশ্যই দারুণ হবে। তবে এখন থেকেই এত দূর ভাবতে চাই না, ধাপে ধাপে এগোতে হবে।" বিশেষজ্ঞরা বলছেন, ২০২৬ বিশ্বকাপে মেসির খেলা নির্ভর করছে তার ফিটনেস, মানসিক প্রস্তুতি এবং দলের জন্য পারফর্ম করার সক্ষমতার ওপর। তাই এখনই নিশ্চিতভাবে বলা যাচ্ছে না, লিওনেল মেসিকে দেখা যাবে কি না।

## জাভেদ মাসুদ মিল্টনের মনোনয়ন

(প্রথম পৃষ্টার পর)

শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে শেষ হয়। বামন্দি ইউনিয়ন বিএনপির সভাপতি রাশিদুল ইসলাম সোহাগের নেতৃত্বে মিছিলকারীরা "অবৈধ মনোনয়ন মানি না, মানবো না", "অপ্রত্যাশিত মনোনয়ন বাতিল চাই" ও "মিল্টন ভাইকে মনোনয়ন দিতে হবে, দিয়ে দাও" জাতীয় স্লোগান দেন। মশাল মিছিল শেষে বামন্দি বাসস্ট্যান্ডে অনুষ্ঠিত সংক্ষিপ্ত সমাবেশে বক্তারা বলেন, ১৭ বছর ধরে জনগণের পাশে থাকা জাভেদ মাসুদ মিল্টনকে মনোনয়ন না দিলে আন্দোলন থেমে থাকবে না। তারা আরও বলেন, প্রয়োজনে অবরোধসহ কঠোর কর্মসূচি নেওয়া হবে। বিক্ষোভ মিছিলে অংশগ্রহণ করেন উপজেলা বিএনপির সভাপতি আলফাজ উদ্দীন কালু, সাধারণ সম্পাদক আব্দুল আওয়াল, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আখেরুজ্জামান, উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দাল হক, পৌর বিএনপির সভাপতি মকবুল হোসেন মেঘলা, সাধারণ সম্পাদক সাইদুল ইসলাম, পৌর সাংগঠনিক সম্পাদক অ্যাডাম সুমন এবং বিভিন্ন ইউনিয়ন ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা।

## দারিয়াপুরে তাজউদ্দীনের গণসংযোগ

(প্রথম পৃষ্টার পর)

আমীর মাও. আব্দুল হালিমের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা জামায়াতে ইসলামের আমীর ও মেহেরপুর-১ আসনের প্রার্থী মাও. তাজউদ্দীন খান। বিশেষ অতিথি ছিলেন মুজিবনগর উপজেলা জামায়াতের আমীর মাও. খানজাহান আলী, জেলা জামাতের বাইতুলমাল সেক্রেটারি জারজিস হুসাইন, উপজেলা জামায়াতের নায়েবে আমীর মাও. ফিরাতুল ইসলামসহ অন্যান্য নেতা ও কর্মকতা। বক্তারা বলেন, মানুষের কল্যাণ, ন্যায় ও নীতির ভিত্তিতে একটি সুন্দর সমাজ গঠনের জন্য জামায়াতে ইসলামী কাজ করে যাচ্ছে। জনগণের দোয়া ও সহযোগিতা পেলে তারা উন্নত, সুশাসনভিত্তিক সমাজ গড়ে তুলতে সক্ষম হবে। গণসংযোগ শেষে প্রার্থী মাওলানা তাজউদ্দীন খান এলাকাবাসীর সঙ্গে কুশল বিনিময় করেন এবং দাঁড়ি-পাল্লা প্রতীকে ভোট প্রার্থনা করেন।

## দুইটি ট্রলারাহ ১৩ জেলেকে ধরে

(প্রথম পৃষ্টার পর)

তিনি বলেন, "একটি ট্রলারের মালিক শনাক্ত করা গেছে, তবে অন্যটির মালিকানা এখনো নিশ্চিত করা যায়নি। আমরা যোগাযোগের চেষ্টা করছি।" মিয়ানমারভিত্তিক সূত্রের দাবি মিয়ানমারভিত্তিক সংবাদমাধ্যম গ্লোবাল আরাকান নেটওয়ার্ক জানায়, গত ২৮ অক্টোবর থেকে আরাকান আর্মির উপকূলীয় নিরাপত্তা ইউনিট সমুদ্রপথে টহল জোরদার করেছে। তাদের দাবি, বাংলাদেশি কিছু ট্রলার আরাকান রাজ্যের জলসীমা অতিক্রম করে মাছ ধরায়, নিয়ম ভঙ্গের অভিযোগে এসব ট্রলার আটক করা হয়েছে। সংবাদমাধ্যমটি আরও জানায়, চলতি বছরের জানুয়ারি থেকে ১৮ জুলাই পর্যন্ত ১৮৮ বাংলাদেশি জেলে ও ৩০টি নৌকা আটক করে পরে ছেড়ে দেওয়া হয়েছিল। কিন্তু "আইন অমান্য করায়" নতুন করে অভিযান শুরু হয়েছে। আটক ট্রলারের মালিক মো. সৈয়দ আলম বলেন, "আরাকান আর্মির কারণে এখন নাফ নদী ও সমুদ্রে মাছ ধরা ঝুঁকিপূর্ণ হয়ে পড়েছে। প্রায় প্রতিদিনই কোনো না কোনো ট্রলার নিয়ে যাচ্ছে তারা। এবারও একটি ইঞ্জিন বিকল হওয়ায় ট্রলারটি থেমে গেলে, সেটিসহ আরও একটি ট্রলার ধরে নিয়ে গেছে। মোট ১৩ জেলেকে তুলে নিয়ে গেছে তারা।" তিনি আরও বলেন, "এভাবে চলতে থাকলে জেলে ও ট্রলার মালিকদের জীবিকা হুমকির মুখে পড়বে। আমরা সরকারের জরুরি হস্তক্ষেপ কামনা করছি।" এ বিষয়ে টেকনাফ উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) শেখ এহসান উদ্দিন বলেন, "ঘটনার বিষয়ে ট্রলার মালিকদের কাছ থেকে প্রাথমিক তথ্য পেয়েছি। বিষয়টি যাচাই-বাছাই করা হচ্ছে এবং আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে অবহিত করা হয়েছে।" বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) জানায়, গত ১১ মাসে নাফ নদী ও আশপাশের সমুদ্র এলাকা থেকে অন্তত ৩৫০ জেলেকে অপহরণ করেছে আরাকান আর্মি। তাদের মধ্যে প্রায় ২০০ জনকে বিজিবির মধ্যস্থতায় কয়েক দফায় ফেরত আনা হয়েছে, তবে এখনও প্রায় ১৫০ জেলে নিখোঁজ রয়েছেন। এর ফলে সীমান্ত এলাকার জেলেদের মধ্যে আতঙ্ক ও অনিশ্চয়তা বিরাজ করছে। কক্সবাজার উপকূলের জেলেরা জানান, মিয়ানমারের অভ্যন্তরে চলমান সংঘাতের প্রভাব এখন সমুদ্র পর্যন্ত ছড়িয়ে পড়েছে। আরাকান আর্মির ক্রমবর্ধমান উপস্থিতির কারণে বাংলাদেশি জেলেরা গভীর সমুদ্রে মাছ ধরতে ভয় পাচ্ছেন, ফলে স্থানীয় অর্থনীতি ও মৎস্য খাতও ক্ষতিগ্রস্ত হচ্ছে।

## মেহেরপুরে বিএনপির লকডাউন-

(প্রথম পৃষ্টার পর)

সাংগঠনিক সম্পাদক ওমর ফারুক লিটন, রোমানা আহমেদ, সদর উপজেলা বিএনপির সভাপতি অধ্যাপক ফায়েজ মোহাম্মদ, সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম, পৌর বিএনপির সভাপতি আব্দুল লতিফ বিশ্বাস ও সাধারণ সম্পাদক এডভোকেট এহান উদ্দিন মনা। বিক্ষোভ মিছিলেই অংশ নেন জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমুল হোসেন মিন্টু, জেলা জাসাসের সদস্য সচিব বাকা বিল্লাহ, জেলা যুবদলের সহ-সভাপতি মোশারফ হোসেন তপু, জেলা শহীদ সংসদ জিয়া মঞ্চের সভাপতি আলিফ আরাফাত খান, বিএনপি নেতা নাহিদ আহমেদ এবং জেলা যুবদলের সদস্য মেহেদী হাসান রোলেক্সসহ বিভিন্ন অঙ্গ-সংগঠনের নেতাকর্মী।

## আমঝুপিতে ৫৪তম জাতীয় সমবায়

(প্রথম পৃষ্টার পর)

স্বাগত বক্তব্য রাখেন মউক-এর নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম। অনুষ্ঠানে অতিথি হিসেবে বক্তব্য দেন উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের ভেটেরিনারি সার্জন ডা. নাজমুল হাসান শাওন ও উপজেলা সমবায় কর্মকর্তা মো. মনিরুজ্জামান। কর্মসূচির সার্বিক দিক তুলে ধরে বক্তব্য রাখেন প্রোগ্রাম ফ্যাসিলিটেটর সুমাইয়া আক্তার।

আলোচনার আগে এক বর্ণাঢ্য র‌্যালি আমঝুপির বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে মউক অফিস চত্বরে এসে শেষ হয়। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সাদ আহমেদ।

## আওয়ামী লীগকে ঠেকাতে হাসনাতই

(প্রথম পৃষ্টার পর)

এখন শুধুই দুর্গন্ধ ছড়াচ্ছে।" নির্বাচনের আগে গণভোট ও জুলাই জাতীয় সনদ বাস্তবায়নের আদেশসহ পাঁচ দফা দাবির বিষয়ে নাসী-রুদ্দীন পাটওয়ারী বলেন, "জামায়াতসহ ৮ দল এই দাবি আদায় করতে চাইলে ঘরে ফিরে যাবেন না। গণভোট বাংলাদেশে অবশ্যই হতেই হবে। বিএনপি ১০০ বছর চেষ্টা করলেও গণভোট ঠেকাতে পারবে না। কারণ, দেশের বড় অংশই গণভোট চায়।" তিনি বলেন, খালেদা জিয়া জনগণের রায় ধরতে পেরেছিলেন, তাই বিএনপি এখনো দেশের অন্যতম বড় দল। কিন্তু যারা এখন নেতৃত্বে আছেন, তারা যদি জনগণের মনোভাব বুঝতে না পারেন, তাহলে নিজের পায়ে নিজে কুড়াল মারছেন। এ সময় নাসীরুদ্দীন পাটওয়ারী অভিযোগ করেন, অন্তর্বর্তী সরকার জনবিচ্ছিন্ন হয়ে গেছে। গত এক বছরে সরকারের কাছে যেসব অধিকার দাবি করা হয়েছে, কোনোটি পূরণ হয়নি। "সরকার প্রতিশ্রুতি দিল, কিন্তু বাস্তবায়ন করতে পারেনি–এটাই তাদের জন্য লজ্জার,"–উল্লেখ করেন তিনি।

## ১৬ নভেম্বর থেকে যমুনার সামনে অবস্থান নেবে জামায়াতসহ

(শেষ পৃষ্টার পর)

১৬ নভেম্বরের মধ্যে জনগণের ন্যায্য দাবি না মানা হয়, তাহলে আমরা যমুনার সামনে অবস্থান কর্মসূচি শুরু করব–এটি হবে অনির্দিষ্টকালীন।" তিনি জানান, ১৬ নভেম্বর সকালে আট দলের শীর্ষ নেতারা বৈঠক করবেন, এরপর সংবাদ সম্মেলনের মাধ্যমে পরবর্তী কর্মসূচি ঘোষণা করা হবে। আওয়ামী লীগের নিষিদ্ধ কর্মসূচি ঘিরে সম্ভাব্য নাশকতা প্রতিরোধে ১৩ নভেম্বর বৃহস্পতিবার দেশব্যাপী মাঠে থাকার ঘোষণা দিয়েছে আট দল। গোলাম পরওয়ার বলেন, "ফ্যাসিবাদী শক্তির নাশকতা ও অপতৎপরতা প্রতিরোধে আমরা রাজপথে থাকব। জনগণের জানমাল রক্ষায় আমাদের সর্বস্তরের জনশক্তি প্রস্তুত থাকবে।"

জামায়াতসহ আট দল ১৪ নভেম্বর শুক্রবার "জুলাই জাতীয় স্মরণ বাস্তবায়ন আদেশ" জারি এবং নির্বাচনের আগে গণভোট আয়োজনসহ পাঁচ দফা দাবি বাস্তবায়নের দাবিতে দেশব্যাপী জেলা ও মহানগর পর্যায়ে বিক্ষোভ মিছিল করারও ঘোষণা দিয়েছে। ইসলামী আন্দোলন বাংলাদেশের মহাসচিব ইউনুস আহমাদ, বাংলাদেশ খেলাফত মজলিসের মহাসচিব মাওলানা জালাল উদ্দিন, এবং অন্যান্য শরিক দলের শীর্ষ নেতারা। রাজনৈতিক অঙ্গনে উত্তেজনা বাড়ছে ১৩ ও ১৬ নভেম্বরের কর্মসূচি ঘিরে। একদিকে সরকার পরিস্থিতি স্বাভাবিক রাখার কথা বলছে, অন্যদিকে বিরোধী জোট তাদের দাবি আদায়ে যমুনার সামনে অনির্দিষ্টকালের অবস্থান ঘোষণার মাধ্যমে চাপ বাড়ানোর ইঙ্গিত দিচ্ছে।

## নির্বাচনের আগে গণভোটের যৌক্তিকতা ও সময় নেই: সালাহউদ্দিন

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় নির্বাচনের আগে গণভোট করার কোনো যৌক্তিকতা, প্রয়োজন ও সময় নেই বলে মন্তব্য করেছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ। বুধবার রাজধানীর গুলশানে নিজ বাসভবনে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ মন্তব্য করেন। তিনি বলেন, "গণভোট আগে করার যৌক্তিকতা নেই, সময়ও নেই। জাতীয় নির্বাচনের দিনই যদি ছোট একটি ব্যালটে জনগণের মতামত নেওয়া যায়, সেটিই হবে সবচেয়ে গ্রহণযোগ্য ও ব্যয়সাশ্রয়ী পদ্ধতি।" সালাহউদ্দিন বলেন, নোট অব ডিসেন্ট ছাড়া গণভোট আয়োজনের কোনো আলোচনা ঐকমত্য কমিশনে হয়নি। রাজনৈতিক দলগুলোর ঐকমত্যে গঠিত জাতীয় সনদ পরবর্তী নির্বাচিত সংসদ বাস্তবায়ন করবে–এ বিষয়ে প্রধান উপদেষ্টা দায়বদ্ধ, তিনি সরে যেতে পারেন না। বিএনপির এই নেতা বলেন, "সরকার জুলাই জাতীয় সনদ বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত, তবে তাদের আচরণে সেই সনদ থেকে সরে যাওয়ার লক্ষণ দেখা যাচ্ছে।" তিনি সরকারের প্রতি নিরপেক্ষ আচরণের আহ্বান জানিয়ে বলেন, বিভাজন সৃষ্টিকারী কোনো পদক্ষেপ জাতির জন্য ক্ষতিকর হবে। এনসিপির সঙ্গে নির্বাচনী সমঝোতা প্রসঙ্গে তিনি জানান, এখনো চূড়ান্ত কোনো প্রস্তাব হয়নি, তবে সম্ভাবনাও উড়িয়ে দেওয়া যায় না। বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের দেশে ফেরার বিষয়ে আশাবাদ ব্যক্ত করে সালাহউদ্দিন বলেন, "আমরা আশা করছি এই মাসের শেষের দিকেই তিনি দেশে ফিরবেন–দু-একদিন এদিক-ওদিক হতে পারে।"

## গণঅধিকার পরিষদ: জাতীয় পার্টি ও ১৪ দলকে সংলাপে না ডাকা হোক

সূর্যোদয় প্রতিবেদন

আগামী ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে স্বতন্ত্র প্রার্থী হিসেবে অংশ নেওয়ার সুযোগ চায় না গণঅধিকার পরিষদ (জিওপি)। একই সঙ্গে তারা জাতীয় পার্টি ও আওয়ামী লীগের নেতৃত্বাধীন ১৪ দলকে নির্বাচন কমিশনের সংলাপে না ডাকার দাবি জানিয়েছে। বুধবার রাজধানীর নির্বাচন ভবনে প্রধান নির্বাচন কমিশনার এএমএম নাসির উদ্দিনের সঙ্গে দলের সাধারণ সম্পাদক মো. রাশেদ খাঁনের নেতৃত্বে প্রতিনিধি দল সাক্ষাৎ করেন। সাক্ষাতের পরে রাশেদ খাঁন সাংবাদিকদের বলেন, "নিবন্ধনের দোহাই দিয়ে জাতীয় পার্টি ও ১৪ দলকে সংলাপে ডাকা উচিত নয়। দেশের জনগণ তাদের প্রত্যাখ্যান করেছে।" জিওপির আবেদনে উল্লেখ করা হয়েছে, ২০২৪ সালের ৫ আগস্ট আওয়ামী লীগ সরকারের পতনের পরও ফ্যাসিবাদের প্রভাব থামেনি। তারা অভিযোগ করেছেন, নির্বাচনের আগে ও নির্বাচনের দিন আওয়ামী লীগের নেতা-কর্মীরা অরাজকতা সৃষ্টি এবং নির্বাচন বানচালের জন্য সক্রিয় হবে। আবেদনে আরও বলা হয়েছে, নিষিদ্ধ আওয়ামী লীগের নেতারা স্বতন্ত্র প্রার্থী হিসেবে নির্বাচনে অংশ নিলে অর্থ ও প্রভাবের মাধ্যমে নির্বাচনে ব্যাঘাত ঘটাতে পারে। তাই তাদের নির্বাচন কমিশনের মাধ্যমে কোনো সুযোগ দেওয়া উচিত নয়। জিওপি আশা করছে, নির্বাচন কমিশন অবাধ, সুষ্ঠু ও ফ্যাসিবাদমুক্ত নির্বাচন নিশ্চিত করবে এবং শুধুমাত্র জাতীয় ঐকমত্য কমিশনের আলোচনায় থাকা দলগুলোর সঙ্গে সংলাপ করবে, যাতে নির্বাচনের পরিবেশ অশান্ত না হয়।

## সিলেট টেস্ট: একাধিক রেকর্ডে বাংলাদেশের ৩৩৮/১, লিড ৫২ রানের

সূর্যোদয় প্রতিবেদন

সিলেট টেস্টের দ্বিতীয় দিনে আয়ারল্যান্ডের প্রথম ইনিংসের ২৮৬ রানের জবাবে বাংলাদেশের ব্যাটসম্যানরা রানের পাহাড় গড়েছেন। একাধিক রেকর্ড তৈরি করে টাইগাররা মাত্র ১ উইকেট হারিয়ে ৩৩৮ রান সংগ্রহ করেছে ফলে বাংলাদেশের লিড দাঁড়িয়েছে ৫২ রানের। হাতে রয়েছে আরও ৯ উইকেট। দ্বিতীয় দিন শেষে ১৬৯ রানে অপরাজিত আছেন ওপেনার মাহমদুল হাসান জয়। এটি তার টেস্ট ক্যারিয়ারের দ্বিতীয় সেঞ্চুরি এবং সর্বোচ্চ ইনিংস। আগের সর্বোচ্চ ছিল ১৩৭ রান, যা ২০২২ সালে দক্ষিণ আফ্রিকার বিপক্ষে ডারবানে করেছিলেন জয়। জয়ের সঙ্গে ওপেনিংয়ে সাদমান ইসলাম যোগ করেছেন ১৬৮ রান। এটি বাংলাদেশের টেস্টে ২০১৫ সালের পর সর্বোচ্চ ওপেনিং জুটি এবং সবমিলিয়ে চতুর্থ সর্বোচ্চ। ৮০ রানে আউট হওয়া সাদমান পেয়েছেন তার টেস্ট ক্যারিয়ারের সপ্তম ফিফটি। তিনে নামা মুমিনুল হকও বড় ইনিংস খেলেছেন। ৩৬তম ফিফটি অর্জন করে ৮০ রানে অপরাজিত আছেন তিনি। এতে বাংলাদেশের টেস্ট ইতিহাসে একটি নতুন রেকর্ডও তৈরি হলো–মাত্র দ্বিতীয়বার এক ইনিংসে প্রথম তিন ব্যাটার ফিফটির দেখা পেলেন। প্রথমবারটি ২০১০ সালে লর্ডসে ইংল্যান্ডের বিপক্ষে ঘটেছিল। এর আগে, প্রথম দিনের ৮ উইকেটে ২৭০ রানের স্কোর নিয়ে ব্যাট করতে নেমে আয়ারল্যান্ডের ইনিংস শুরু হয়। মাত্র ১৬ রান যোগ হতেই দলটি অলআউট হয়। আয়ারল্যান্ডের হয়ে ফিফটি পেয়েছেন পল স্টার্লিং (৬০) এবং কেড কারমাইকেল (৫৯)। বাংলাদেশের ব্যাটিং রেকর্ড ও রানের পাহাড় তৈরি করা ইনিংস দলের জন্য আশাব্যঞ্জক সূচনা হিসেবে দেখাচ্ছে।

## আফগানিস্তানে আবারও হামলার হুঁশিয়ারি পাকিস্তানের

সূর্যোদয় প্রতিবেদন

ইসলামাবাদ ও ওয়াজিরিস্তানে ঘটে যাওয়া সাম্প্রতিক সন্ত্রাসী হামলার পরে পাকিস্তান আবারও আফগানিস্তানের ভেতরে লক্ষ্যভিত্তিক অভিযান চালানোর হুঁশিয়ারি দিয়েছে। প্রতিরক্ষামন্ত্রী খাজা আসিফ বলেন, আফগানিস্তানে আশ্রয় দেওয়া সশস্ত্র গোষ্ঠীগুলি বারবার পাকিস্তানের ওপর হামলা চালাচ্ছে–সেসকল গোষ্ঠীকে নস্যাৎ করতে তাদের বিরুদ্ধে সীমান্ত পেরিয়ে অভিযান চালানোর সম্ভাবনা উড়িয়ে দেওয়া যায় না। এই মন্তব্যে দক্ষিণ এশিয়ার পরমাণু ক্ষমতাসম্পন্ন দেশটিতে উত্তেজনা বেড়েছে। জিও নিউজের সাক্ষাৎকারে খাজা আসিফ বলেন, আফগান তালেবান সরকারের হামলার নিন্দা তিনি বিশ্বাস করেন না এবং তিনি সন্দেহ প্রকাশ করেছেন যে নেতৃত্ব যদি চায় তাহলে সন্ত্রাস রোধে কার্যকর ভূমিকা রাখতে পারে।